অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/25/2025 **গভর্নর ক্যাথি হোকল**

অফলাইনে যান, ঘরের বাইরে যান: গভর্নর হোকল বাফেলোর আউটার হার্বারে WILKESON POINTE-এর জমকালো উদ্বোধন ঘোষণা করলেন

সাইটের উন্নয়নের মধ্যে আছে ওয়াটারফ্রন্টের অ্যাক্টিভিটি বাড়ানো এবং নতুন Perro & Poni রেস্টুরেন্ট যা দ্রুতই খুলবে

ছবি দেখা যাবে এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে বাফেলোর (Buffalo) আউটার হার্বারে (Outer Harbor) 11 মিলিয়ন মার্কিন ডলারের Wilkeson Pointe উন্নয়ন প্রজেক্টের জমকালো উদ্বোধন ঘোষণা করেছেন যেখানে দ্রুতই "Perro & Poni" খোলা হবে। আনুমানিক সাত একরের একটি সাইটে মধ্যে থেকে Wilkeson Pointe-এর পানির প্রান্ত এবং কাছের Fuhrmann Boulevard-এর প্রবেশ পথের মধ্যে স্থানকে সংস্কার করা হয়েছে যাতে ওয়াটারফ্রন্ট সাইটের অ্যাক্সেস বড় করা যায় এবং ভিজিটরদের অভিজ্ঞতা উন্নত করা যায়। সাউথ বাফেলোর (South Buffalo) জনপ্রিয় Dog & Pony Saloon-এর দলের পরিচালিত একটি নতুন রেস্টুরেন্ট দ্রুতই খুলবে যেখানে একটি আরামদায়ক বিয়ার গার্ডেন থাকবে, বালিতে বসার এলাকা এবং একই সাথে একটি প্যাটিও ডেক এবং পানির দুর্দান্ত সুন্দর দৃশ্য থাকবে।

"Wilkeson Pointe এক দশকের বেশি সময় ধরে আরাম ও বিনোদনের জন্য বাফেলোর সেরা স্থানগুলির একটি হয়ে আছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এখন, আপনি বন্ধুদের সাথে দেখা করা, ঘরের বাইরে হাঁটা উপভোগ করা বা সূর্যাস্ত দেখা, যাই করুন না কেনো, নতুন এই রেস্টুরেন্ট এবং ওয়াটারফ্রন্টের বাড়ানো অ্যাক্সেসটি Wilkeson Pointe-কে ঘরের বাইরের একটি অতুলনীয় গন্তব্য করেছে।"

গভর্নর Hochul (হোকল) এছাড়াও বাফেলোতে থাকা অবস্থায় ঘোষণা করেছেন যে গ্রেট লেকসে (Great Lakes) দুইটি 200 যাত্রীর যাত্রীবাহী জাহাজ পরিচালনা করা Victory Cruise Lines, Inc. স্টেটকে একটি প্রতিশ্রুতির চিঠি পাঠিয়েছে যেখানে তারা বাফেলোকে তাদের 2027 সালের এবং এর পরের ক্রুজের ভ্রমণপথে যোগ করার ইচ্ছা প্রকাশ করেছে। গভর্নর এর আগে ঘোষণা করেছেন যে বাফেলোতে গ্রেট লেকস ক্রুজ নিয়ে আসার জন্য স্টেট পরিকল্পনা অগ্রসর করছে। Victory Cruise Lines-এর প্রতিশ্রুতি বাফেলোর টার্মিনাল ফ্যাসিলিটির কাজ শেষ হওয়ার উপর, এবং একই সাথে Victory Cruise Lines সীওয়াল মুরিং সন্তোষজনকভাবে ব্যবহার করছে কিনা

তার নির্ভর করছে। 2025 সালের জুন মাসে ইরি ক্যানাল হার্বার ডেভেলপমেন্ট কর্পোরেশনের (Erie Canal Harbor Development Corporation, ECHDC) বোর্ড মিটিংয়ে, বোর্ড আউটার হার্বারে একটি টার্মিনালের জন্য আর্কিটেকচার এবং ইঞ্জিনিয়ারিং নকশা ও নির্মাণ পরিচালনার জন্য একটি 1.65 মিলিয়ন মার্কিন ডলারের চুক্তির অনুমোদন দিয়েছে। নতুন ক্রুজ জাহাজ টার্মিনালের নির্মাণ কাজ আগামী বছরের শুরুর দিকে শুরু হয়ে এবং 2027 সালের মাঝামাঝি শেষ হওয়ার কথা রয়েছে।

Wilkeson Pointe-এ খোলা Perro & Poni-তে থাকবে বোল্ড, টেক-মেক স্বাদের মেনু এবং খাবারগুলি লেকসাইডের কাউন্টার-সার্ভিস খাওয়ার স্থানে তাজা পরিবেশন করা হবে। এটি হবে ভিজিটরদের দ্রুত কিছু খাওয়ার জন্য নিখুঁত স্থান, এবং Perro & Poni-তে একটি সম্পূর্ণ বারও থাকবে যেখানে সিগনেচার টেকিলা, ফ্রোজেন এবং বিয়ার ককটেল, স্থানীয় ক্র্যাফট বিয়ারের বদল হতে থাকা বিকল্প, এবং সতেজ করার অ্যালকোহলমুক্ত বিকল্প থাকবে। মেনু দেখুন এখানে।

কাজ শেষ করার গতি বাড়িয়ে দেওয়া একাধিক উল্লেখযোগ্য বাফেলো ওয়াটারফ্রন্ট প্রজেক্টের একটি হিসেবে 2022 সালে গভর্নর Hochul-এর (হোকল) ঘোষণা করা Wilkeson Pointe-এর সংস্কারের কাজ শুরু হয় 2023 সালের সেপ্টেম্বর মাসে। নতুন খাদ্য সেবার ভবন ছাড়াও, 7 একরের সাইটে যেসব উন্নয়ন হয়েছে তার মধ্যে আছে:

- ভিজিটরদের জন্য নিরাপত্তা ব্যবস্থা, যেমন পানি থেকে এবং সাইটের পথচারীর ট্রেইল থেকে দূরে নতুন স্থানে পার্কিং এরিয়া
- অপারেশন ম্যানেজমেন্ট দলের জন্য রেস্টরুম এবং স্টোরেজ
- একটি নতুন ঘরের বাইরে বসার স্থান
- পানির প্রান্তের কাছে নতুন অবস্থানে এবং উঁচু করা ট্রেইল
- উন্নত ল্যান্ডস্কেপিং, প্রাকৃতিক প্রজাতি যোগ করা এবং তৃণভূমি, ঘাসের মাঠ, এবং পরাগরেণুর মাঠ তৈরি করা

ভলিবল কোর্ট, একটি খোলা লনের স্থান, এবং একটি নতুন পার্ক গলফের অবস্থান, এবং একই সাথে কায়াক ও বাইসাইকেল ভাড়া দেওয়া এবং পুরো গ্রীষ্মকালের প্রোগ্রামের মধ্যমে পার্কে বিনোদনমূলক কর্মকাণ্ড ফেরত আসছে। বাফেলো ওয়াটারফ্রন্ট একটি সম্পূর্ণ অ্যাক্টিভিটির ক্যালেন্ডারের সমন্বয় করছে যার মধ্যে আছে ভলিবল গেম, ফিটনেস ইভেন্ট, এবং লাইভ মিউজিকের সিরিজ এবং তার সাথে থাকবে পার্কের প্রতিদিনের সুযোগসুবিধা যা Perro & Poni-এর আগমনকে সমর্থন করবে। আরো তথ্য পাওয়া যাবে www.buffalowaterfront.com-এ।

Dog & Pony Saloon-এর জেনারেল ম্যানেজার Suzanne Shatzel (সুজন শ্যাটজেল) বলেন, "সাউথ বাফেলোতে Dog & Pony Saloon-এর সাফল্যকে কাজে লাগিয়ে Wilkeson Pointe-এ Perro & Poni খুলতে পেরে আমরা অনেক খুশি। Perro & Poni আউটার হার্বারে তাজা, টেক-মেক স্বাদ নিয়ে আসবে এবং ভিজিটরদেরকে বাফেলোর সুন্দর ওয়াটারফ্রন্টের সেরা স্থানগুলির একটিতে নতুন একটি খাওয়াদাওয়ার অভিজ্ঞতা দিবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO, এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "খাওয়াদাওয়া, বিনোদন, এবং আরাম করার নতুন সুযোগসহ উন্নত Wilkeson Pointe হলো বাফেলোর আউটার হার্বারের দৃশ্য এবং প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করার একটি অসাধারণ স্থান। এই প্রজেক্টটি ওয়েস্টার্ন নিউ ইয়র্কের (Western New York) বাসিন্দাদের অনেক দিনের প্রিয় একটি স্থানের উন্নয়ন করে এবং একটিকে সকলের জন্য অবশ্যই যেতে হবে এমন একটি গন্তব্যে রূপান্তরিত করে, যা বাফেলোর অসাধারণ ওয়াটারফ্রন্টকে পুনরুজ্জীবিত করতে স্টেটের চেষ্টাকে আরো অগ্রসর করে।"

ইরি ক্যানাল হার্বার ডেভেলপমেন্ট কর্পোরেশনের চেয়ারপার্সন Joan Kesner (জোয়ান কেসনার) বলেন, "আমরা Wilkeson Pointe উন্নয়নের ফিতা কাটছি এবং আমরা প্রায় অসম্ভবকে সম্ভব করেছি: ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সেরা স্থানগুলির একটিকে আরো ভালো করেছি। গভর্নর Hochul (হোকল) এই প্রজেক্টকে তার অগ্রাধিকারগুলির একটি করেছেন, এবং এর ফলাফল হলো গর্ব করার মতো আরো একটি ওয়াটারফ্রন্ট। আপনার 2025 সালের গ্রীষ্মকালের বাকেট লিস্টে আউটার হার্বারে বেড়াতে আসাকে অবশ্যই যোগ করুন, যেখানে একটি সতেজ হওয়ার মতো পানীয়, পার্ক গলফ চেষ্টা করার সুযোগ, ভাড়া করার জন্য কায়াক, বা অন্য অনেক অ্যাক্টিভিটির একটি করতে পারবেন।"

এই প্রজেক্টের তহবিল পাওয়া গেছে নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA) থেকে, Niagara Power প্রজেক্টের অপারেশনের সাথে সম্পর্কিত রিলাইসেন্সিং চুক্তির মাধ্যমে।

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির প্রেসিডেন্ট এবং CEO Justin E. Driscoll (জাস্টিন ই ড্রিস্কল) বলেন, "বাফেলোর আউটার হার্বার সবসময়ই অঞ্চলের দুর্দান্ত দৃশ্য ও প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করার সেরা স্থানগুলির একটি হয়ে আছে। ECHDC-এর জন্য পাওয়ার অথোরিটির প্রায় 155 মিলিয়ন মার্কিন ডলার তহবিল সমর্থনের মাধ্যমে, যার মধ্যে আউটার হার্বারের জন্য 38 মিলিয়ন মার্কিন ডলার আছে, Wilkeson Pointe-এ এখন বিশ্বমানের সুযোগসুবিধা আছে যা ভিজিটরদের অভিজ্ঞতাকে উন্নত করবে, সুন্দর একটি ওয়াটারফ্রন্ট স্থানে খাওয়াদাওয়া, বিনোদন এবং আরাম করার নতুন সুযোগ দিবে।"

Wilkeson Pointe প্রথম 2013 সালে স্থাপিত হয় টাইমস বীচের (Times Beach) ঠিক দক্ষিণের এলাকায়, এমন জমিতে যেখানে একসময় নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির আইস বুম জমা রাখা হতো, এবং যেখানে পুরোনো একটি বেসরকারি ওয়েল্ডিং এবং জাহাজ মেরামতের স্থান ছিলো। 5 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল বিনিয়োগ সাইটের এলাকাগুলিকে একটি সয়েল ক্যাপ স্থাপন করে যাতে সম্পত্তিকে পার্সেলের ইতিহাসে প্রথমবারের মতো জনগণের ব্যবহারের জন্য খুলে দেওয়া যায়, যেখানে বাইসাইকেল ও পথচারীর পথের একটি নেটওয়ার্ক, একটি কায়াক ছাড়ার স্থান এবং মাছ ধরার পিয়ার, খেলার মাঠ, আরাম করার স্টেশন, ইভেন্ট লন, পার্কিং সুবিধা, এবং স্থানীয় গাছ ও বায়োসোয়ালের মতো সবুজ ইনফ্রাস্ট্রাকচার ব্যবহার করে রিজেনারেটিভ ল্যান্ডস্কেপিং থাকবে। সম্পত্তির প্রান্তকে ভারী পাথর দিয়ে জোরদার করা হয়েছে যাতে আগের সেচের ক্ষয় মেরামত করা যায়, এবং একই সাথে সাইটের সারাবছরের বাতাসকে উদযাপন করতে "পয়েন্টে" বাতাসের ভাস্কর্য বসানো হয়।

স্টেটের সিনেটর April N. M. Baskin (এপ্রিল এন এম বাসকিন) বলেন, "12 বছরে Wilkeson Point-এর যে রূপান্তর হয়েছে তা উল্লেখযোগ্য এবং মুগ্ধ করার মতো। ওয়াটারফ্রন্টের উন্নত অ্যাক্সেসের জন্য, যে নতুনত্বের সাথে আগের ইন্ডাস্ট্রিয়াল সাইটকে বিনোদনমূলক ব্যবহারের জন্য রূপান্তরিত করা হয়েছে, এবং বিনোদন, অ্যাক্টিভিটি, এবং খাওয়াদাওয়ার সুযোগ বাড়ানো হয়েছে তার জন্য বাসিন্দা এবং ভিজিটর সকলেই গর্বিত হতে পারবেন। আমার পরিবারকে এখানে নিয়ে আসার জন্য এবং কমিউনিটি ও আমাদের সুন্দর অঞ্চলকে খুঁজে পাওয়া পর্যটকদের সাথে এই অভিজ্ঞতা ভাগ করে নিতে আমি আগ্রহী।"

অ্যাসেম্বলির সদস্য Jon D. Rivera (জন ডি রিভেরা) বলেন, "গত এক দশক ধরে স্টেটের কার্যকর নেতৃত্বের মাধ্যমে আমরা বাফেলোর কমিউনিটিগুলিকে আমাদের ওয়াটারফ্রন্টের সাথে আবার যুক্ত করতে সংলগ্ন অগ্রগতি করেছি, এবং Wilkeson Pointe-এর রূপান্তর হলো একটি উজ্জ্বল উদাহরণ যে চিন্তাশীল, কমিউনিটিকেন্দ্রিক বিনিয়োগ কী অর্জন করতে পারে। এই উন্নয়নগুলি শুধু পাবলিক অ্যাক্সেস বাড়াবে এবং নিরাপত্তা বাড়াবে না, বরং এছাড়াও এগুলি আউটার হার্বারকে বিনোদন, আরাম, এবং ক্ষুদ্র ব্যবসার জন্য একটি ডাইনামিক গন্তব্য হিসেবে নতুন করে কল্পনা করবে। এইসব নতুনত্ব এবং উন্নয়নের কারণে ভিজিটরদের কাছে এখন একত্রিত হওয়া, ঘুরে দেখা, এবং এই দুর্দান্ত উপকূলে সবকিছু উপভোগ করার আরো কারণ থাকবে।"

ইরি (Erie) কাউন্টির এক্সিকিউটিভ Mark C. Poloncarz (মার্ক সি পোলোনকার্জ) বলেন, "Wilkeson Pointe দুর্দান্ত দৃশ্যের সুযোগ দিয়ে থাকে এবং একটি সক্রিয় ও নিষ্ক্রিয় বিনোদনমূলক সুযোগ খুঁজতে থাকা মানুষের জন্য এটি প্রিয় একটি স্থান হয়ে উঠবে। এই প্রজেক্টের তহবিলের পক্ষে কাজ করার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি যাতে ইরি কাউন্টির বাসিন্দা এবং আমাদের অঞ্চলে বেড়াতে আসা মানুষ এই ওয়াটারফ্রন্ট গন্তব্যের উন্নত অ্যাক্সেসের সুবিধা পেতে পারে।"

বাফেলোর মেয়র Christopher P. Scanlon (ক্রিস্টোফার পি স্ক্যানলন) বলেন, "Wilkeson Pointe বাফেলোর সবথেকে আইকনিক ওয়াটারফ্রন্ট গন্তব্যের একটি হয়ে উঠেছে, এবং নতুন এই উন্নয়নগুলি হলো আমাদের সিটির ওয়াটারফ্রন্ট রূপান্তরের জন্য একটি বড় অগ্রগামী ধাপ। গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্ব, নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির বিনিয়োগ, এবং ইরি ক্যানাল হার্বার ডেভেলপমেন্ট কর্পোরেশনের নিবেদিত চেষ্টার কারণে আমরা বাসিন্দা এবং ভিজিটরদেরকে আউটার হার্বার ঘুরে দেখার এবং উপভোগ করার আরো কারণ দিতে পারছি। উন্নত বিনোদনমূলক সুযোগসুবিধা, প্রাকৃতিক ল্যান্ডস্কেপিং, এবং আকর্ষণীয় Perro & Poni যোগ হওয়ার মাধ্যমে এই প্রজেক্টটি বাফেলোর প্রাকৃতিক সৌন্দর্য এবং অর্থনৈতিক পুনর্জাগরণকে উদযাপন করবে এমন একটি প্রাণবন্ত, ইনক্লুসিভ, এবং অ্যাক্সেসিবল ওয়াটারফ্রন্টের জন্য আমাদের একক ভিশনকে তুলে ধরে।"

ইরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন সম্পর্কে

ইরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন ভোট দেয়ার ক্ষমতাসম্পন্ন সাতজন এবং ভোট দেয়ার ক্ষমতা না থাকা দুইজন, এক্স-অফিসিও ডিরেক্টর সহ মোট নয়জন-সদস্যের একটি বোর্ড দ্বারা

পরিচালিত হয়। এই সাতজন ভোট পরিচালকের সুপারিশ করেন নিউ ইয়র্ক স্টেট গভর্নর এবং ECHDC-এর একমাত্র শেয়ারহোল্ডার হিসেবে নিউ ইয়র্ক স্টেট আরবান ডেভেলপমেন্ট কর্পোরেশন (New York State Urban Development Corporation), যারা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) নামে কাজ করে, তাদের দ্বারা নিয়োগ করা হয়। ইরি কাউন্টির এক্সিকিউটিভ ও বাফেলো সিটির মেয়র ভোট দেয়ার ক্ষমতা না থাকা দুইজন, এক্স-অফিসিও ডিরেক্টরের পদে অধিষ্ঠিত রয়েছেন।

স্টেটের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) সাবসিডিয়ারি হিসেবে, ইরি ক্যানেল হার্বার উন্নয়ন কর্পোরেশন ক্যানেলসাইডে, ওহাইয়ো স্ট্রিট করিডর ও আউটার হার্বারে এমন পরিকাঠামো তৈরি করতে এবং জনসাধারণের জন্য উন্মুক্ত ক্রিয়াকলাপের আয়োজন করতে সহায়তা করে যেগুলো বহু মানুষকে আকর্ষণ করছে, বেসরকারি বিনিয়োগ আকৃষ্ট করছে এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাসিন্দা ও দর্শনার্থীদের জন্য জল সংলগ্ন এলাকাগুলি উপভোগ করাকে সমৃদ্ধ করছে। এর ভিশন হলো ওয়েস্টার্ন নিউ ইয়র্কের জলপথকে পুনরুজ্জীবিত করা এবং এই অঞ্চলের গর্বিত ইতিহাস, নাগরিক গুরুত্ব ও প্রাকৃতিক সৌন্দর্যের উপর ভিত্তি করে বাফেলোর অর্থনৈতিক সমৃদ্ধি ফিরিয়ে আনা। আরো তথ্যের জন্য এখানে ভিজিট করুন।

বাফেলোর ওয়াটারফ্রন্ট সম্পর্কে

বাফেলোর ওয়াটারফ্রন্ট হলো একটি বিকাশমান আঞ্চলিক গন্তব্য এবং বিনোদনের ডিস্ট্রিক্ট যেখানে ক্যানালসাইড (Canalside) এবং আউটার হার্বার আছে। বাফেলো ওয়াটারফ্রন্টে অনেক বড় ইভেন্ট আয়োজিত হয় এবং সকল ধরণের দৈনিক কর্মকাণ্ড হয়ে থাকে এবং এটি লেক ইরির উপকূলের ভূমি এবং পানিতে পাবলিক অ্যাক্সেস দেওয়ার চেষ্টা করে। Rich Products-এর একটি সাবসিডিয়ারি, Rich Entertainment Grou-এর অংশ Buffalo Waterfront Management Group-এর পরিচালিত বাফেলো ওয়াটারফ্রন্ট হলো স্থানীয় এবং টাউনের বাইরে থেকে আসা সকল বয়সের মানুষের জন্য শেখা, খেলা ও আরাম করতে যাওয়ার একটি পছন্দের স্থান। আরো তথ্যের জন্য, ভিজিট করুন www.buffalowaterfront.com।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন